গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
ওয়েব: orgbdr.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ রাশেদুল হাসান<br>রেজিস্ট্রার জেনারেল<br>ও<br>আহবায়ক, নৈতিকতা কমিটি, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| স্থান | : সভাকক্ষ, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন। |
| সভার তারিখ | : ১০ নভেম্বর ২০২২। |
| সভার সময় | : দুপুর ১২.০০ ঘটিকা। |
| উপস্থিতি | : নথিতে সংরক্ষিত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী বক্তব্য উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন)-কে জনাব মোঃ ওসমান ভুইয়া অনুরোধ করেন। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে কার্যপত্রের আলোচ্যসূচি উপস্থাপনকালে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, বিগত ২৭/০৩/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর বিষয়ে সভার সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কার্যবিবরণী সকলের নিকট প্রেরণ করা হয়েছে, তদুপরি আজকেও তার কপি ফোল্ডারে করে টেবিলে সরবরাহ করা হয়েছে। এর উপর কোন মতামত বা সংশোধনী না থাকলে তিনি উহা দৃঢ়ীকরণের প্রস্তাব রাখেন। সভায় কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

**২। আলোচ্যসূচি: শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ**

কমিটির ফোকাল পয়েন্ট ও ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন) জনাব মোঃ ওসমান ভুইয়া বলেন সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অনলাইন জন্ম নিবন্ধন BDRIS সফটওয়্যারকে জনবান্ধব করার লক্ষ্যে সফটওয়্যার ডেভেলপমেন্ট এর কাজ চলমান আছে এবং এ কার্যালয়ের সীমিত জনবল দিয়েও জন্ম ও মৃত্যু কার্যক্রম এগিয়ে নেয়া হচ্ছে এবং এ দ্বারা লক্ষ্যমাত্রা অর্জনে কর্ম-পরিকল্পনা এবং সে অনুযায়ী কার্যক্রম সামঞ্জস্যপূর্ণ না হওয়ার কারণে এ কার্যালয় APA তে পূর্ণ নম্বর পায় না। এ প্রসঙ্গে তিনি আরও বলেন এ কার্যালয়ের জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজ করে মূলত নিবন্ধক অফিসগুলো। কিন্তু এই অফিসগুলো সরাসরি রেজিস্ট্রার জেনারেলের নিয়ন্ত্রণে না থাকায় পুরোপুরি নিয়ন্ত্রণ করা যায় না ফলে শুদ্ধাচার সুচারুরূপে বাস্তবায়িত হয়না এবং এ কার্যালয় পরিপূর্ণ নম্বর অর্জন করতে পারেনা। তিনি আরও উল্লেখ করেন, যে সকল অফিস জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে সরাসরি সংশ্লিষ্ট তাদের দ্বারা শুদ্ধাচারের বিষয়গুলো যথাযথভাবে চর্চা/পালিত হয় কিনা সে বিষয়টি দেখা যেতে পারে।

আলোচনাকালে, সভাপতি এ বছরের (২০২২-২৩) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার জন্য APA তে কত মার্ক বরাদ্দ আছে তা জানতে চান। এ পর্যায়ে নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট জনাব মোঃ ওসমান ভুইয়া এ কমিটির সদস্য জনাব মোঃ আখতার জামিল-কে এ সম্পর্কে বক্তব্য রাখতে অনুরোধ করেন। এ পর্যায়ে জনাব জামিল সভাকে অবহিত করেন

CamScanner

যে, ৪ (চার) কোয়ার্টারে একটি করে সভা আয়োজন করার জন্য জন্য ১ (এক) নম্বর করে APA-তে মোট ৪ (চার) নম্বর বরাদ্দ আছে। সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে সংশ্লিষ্ট অফিস গুলোকে নিয়ন্ত্রণ করার কথা ব্যাখ্যা করতে গিয়ে বলেন নিয়ন্ত্রণ হল: ১) অফিস পরিদর্শন ২) কর্মকর্তা-কর্মচারীর এসিআর প্রদান ও ৩) ছুটির প্রদানের ক্ষমতাকে বুঝায়। তিনি আরও বলেন কোন নিবন্ধন অফিস, নিবন্ধন সহকারী, নিবন্ধক বা নিবন্ধক সংশ্লিষ্ট কর্মে নিয়োজিত কারো বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ থাকলে তা তদন্তপূর্বক স্থানীয় সরকার বিভাগে/ সংশ্লিষ্ট দফতরে প্রতিকার ব্যবস্থা গ্রহণের জন্য লিখিত ভাবে জানানো যায়।

**সিদ্ধান্ত:** শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য অর্জনের জন্য পরিকল্পনা মাফিক যথাযথভাবে কার্য সম্পাদন করা এবং অন্তরায় সমূহ চিহ্নিত করে দ্রুত ব্যবস্থা নিতে হবে।

**৩। আলোচ্যসূচি: কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব অর্পণ**

উপস্থাপনার এ পর্যায়ে কমিটির ফোকাল পয়েন্ট বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দায়িত্ব অর্পণের মাধ্যমে কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ বছরেও (২০২২-২৩) তা করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দিষ্ট কর্ম সম্পাদন করতে হয়। এ কার্যালয়ের কর্ম-পরিকল্পনা ছক পূর্বে প্রস্তুত করা আছে এবং ছক অনুসারে প্রত্যেক কোয়ার্টারেই এর উপর ভিত্তি করে অগ্রগতি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হয়/ করা হয়।

সভাপতি এ পর্যায়ে কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য অর্পিত দায়িত্ব পালনের ক্ষেত্রে কর্ম-পরিকল্পনা 'ছক' এর কথা উল্লেখ করে তদনুযায়ী প্রত্যেক ত্রৈমাসিকে প্রতিবেদন প্রস্তুত করার নির্দেশ দেন।

**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কে তার উপর অর্পিত দায়িত্ব নির্দিষ্ট সময়ে সম্পাদন করে তা প্রতিবেদন আকারে পেশ করতে হবে।

**৪। আলোচ্যসূচি: স্থানীয় সরকার বিভাগে শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ**

শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয় উল্লেখ করে জনাব ওসমান ভুইয়া বলেন, স্থানীয় সরকার বিভাগের অধীন রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন থেকে বিগত কোয়ার্টারে নিয়মিতভাবে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর প্রথম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন গত ০৩/১০/২০২২ তারিখে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:** জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রত্যেক কোয়ার্টারের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২০২২

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ +৮৮০২২২৩৩৮৬৬০৬
ইমেইল: rg@orgbdr.gov.bd

CamScanner

স্মারক নম্বর: ৪৬.০৪.০০০০.১০১.০৫.০০৩.(অংশ-১).২২-১০৯৪ (১/৭)

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৯ / ১৭ নভেম্বর ২০২২

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। জনাব মির্জা তারিক হিকমত, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন।
২। জনাব মোঃ ওসমান ভুইয়া, ডেপুটি রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। জনাব ফাহমিদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৪। জনাব, মোঃ ফরহাদ হোসেন, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৫। জনাব, মোঃ মেহেদী হাসান, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৬। জনাব সামিউল ইসলাম রাহাদ, সহঃ রেজিঃ জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

**অনুলিপি:**

১। রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন (রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭/১১/২০২২

**মোঃ আখতার জামিল**
সহকারী রেজিস্ট্রার জেনারেল
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ২২২৩৩৫৫৮৯২
ই-মেইলঃ arg2@orgbdr.gov.bd

CamScanner